


কালের কণ্ঠ

আপডেট : ১৭ জুলাই, ২০১৮ ২৩:৩৮

১৩ শিক্ষা কর্মকর্তার বদলি

অনিয়ম করেও ভালো পদায়ন

 অনিয়ম করেও ভালো পদায়ন

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মাধ্যমিক বিভাগের ১৩ জন শিক্ষা কর্মকর্তাকে বদলি করা হয়েছে। তবে অভিযোগ রয়েছে, অনিয়ম করেও ভালো পদায়ন পেয়েছেন অনেক কর্মকর্তা। এমনকি অনেকে দীর্ঘদিন ধরে ঢাকায় থাকার পরও তাঁদের আবার ঢাকায়ই পদায়ন করা হয়েছে। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে এই ১৩ জন কর্মকর্তাকে বদলি করা হয়।

বদলীকৃত কর্মকর্তাদের মধ্যে ঢাকা অঞ্চলের উপপরিচালক গৌর চন্দ্র মণ্ডলকে ঢাকার তেজগাঁও শহীদ মনু মিঞা সরকারি উচ্চ বিদ্যালয়ে বদলি করা হয়েছে। অথচ তাঁর বিরুদ্ধে অভিযোগ সবচেয়ে বেশি। তাঁর ইচ্ছার বিরুদ্ধে সব কাগজপত্র নিয়েও এমপিও পেতেন না অনেক শিক্ষক। অথচ তাঁকে ঢাকায়ই রাখা হয়েছে।

বরিশাল অঞ্চলের উপপরিচালক ড. মো. মোস্তাফিজুর রহমানকে পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে, বিনাইদহের জেলা শিক্ষা কর্মকর্তা মো. মোকছেদুল ইসলামকে বরিশাল অঞ্চলের উপপরিচালক পদে, মাউশি অধিদপ্তরের সহকারী পরিচালক সাখায়েত হোসেন বিশ্বাসকে ঢাকা অঞ্চলের উপপরিচালক, যশোর জেলা শিক্ষা কর্মকর্তা মো. আমিনুল ইসলাম টুকুকে মাউশি অধিদপ্তরের সহকারী পরিচালক করা হয়েছে।

মাউশি অধিদপ্তরের উপপরিচালক এ কে এম মোস্তফা কামালকে ঢাকা আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে বদলি করা হয়েছে। অথচ তাঁর বিরুদ্ধে বিস্তারিত অভিযোগ। শিক্ষকদের বদলিসহ নানা কাজ তিনি নিয়ন্ত্রণ করতেন। তাঁকেও ঢাকায় রেখে ‘প্রাইজ পোস্টিং’ দেওয়া হয়েছে বলে জানান সংশ্লিষ্ট ব্যক্তির।

রাজশাহী অঞ্চলের উপপরিচালক ড. শরমিন ফেরদৌস চৌধুরীকে মাউশি অধিদপ্তরের উপপরিচালক, রাজশাহী পিএন গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষক তৌহিদ আরাকে রাজশাহী অঞ্চলের উপপরিচালক পদে বদলি করা হয়েছে।

একই আদেশে রংপুর অঞ্চলের উপপরিচালক মোস্তফা হাবিবকে বগুড়া জিলা স্কুলের প্রধান শিক্ষক, বগুড়া জিলা স্কুলের প্রধান শিক্ষক আবু নুর মোহাম্মদ আনিসুল ইসলামকে ময়মনসিংহ অঞ্চলের উপপরিচালক, ময়মনসিংহ অঞ্চলের উপপরিচালক মো. আখতারুজ্জামানকে রংপুর অঞ্চলের উপপরিচালক করা হয়েছে।

এ ছাড়া আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রহিমা আক্তারকে ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাই স্কুলের প্রধান শিক্ষক এবং নড়াইল জেলা শিক্ষা কর্মকর্তা এ এস এম আব্দুল খালেককে যশোর জেলা শিক্ষা কর্মকর্তা পদে বদলি করা হয়েছে। অথচ কিছুদিন আগে আব্দুল খালেককে দুর্নীতির অভিযোগে ময়মনসিংহ অঞ্চলের উপপরিচালক থেকে নড়াইলে বদলি করা হয়েছিল। কিন্তু চার-পাঁচ মাস যেতে না যেতে তাঁকে প্রাইজ পোস্টিং দেওয়া হলো।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com